



বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
সিকিউরিটিজ কমিশন ভবন
ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭
www.sec.gov.bd



সূত্র নং- বিএসইসি/সার্ভেইল্যান্স/মুখপত্র (৫ম খন্ড)/২০১৯/২২৯

তারিখঃ ০৬ মাঘ, ১৪২৭ বঙ্গাব্দ
২০ জানুয়ারি, ২০২১ খ্রিষ্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

৭৫৮ তম কমিশন সভা অদ্য ২০/০১/২০২১ তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছেঃ-

০১. নর্দান জুট ম্যানুফ্যাকচারিং কোম্পানি লি., ইনফরমেশন সার্ভিসেস নেটওয়ার্ক লি., ফাইন ফুডস লি: এবং স্টাইলক্র্যাফট লি: এর শেয়ার লেনদেন এ নিম্নোক্ত ব্যক্তিবর্গ নিম্নলিখিত সিকিউরিটিজ আইন ভঙ্গ করেছেঃ-

(ক) ইনফরমেশন সার্ভিসেস নেটওয়ার্ক লি: এর শেয়ার লেনদেনের মাধ্যমে জনাব জেমস মার্টিন দাস, জনাব ড. জে. এম মুর্শিদ, জনাব মো: নুরুল ইসলাম কামরান এবং সহযোগী মনজিলা নাসরিন ইসলাম, সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ অর্ডিন্যান্স, ১৯৬৯ এর সেকশন 17(e) (v) ভঙ্গ করেছে;

(খ) নর্দান জুট ম্যানুফ্যাকচারিং কোম্পানি লি: এর শেয়ার লেনদেনের মাধ্যমে জনাব পরিমল চন্দ্র পাল এবং সহযোগী (অর্থাৎ রিপন শেখ, মল্লিক আবু বক্কর, মো: তোফাজ্জল হোসেন, বিধান মিস্ত্রী, অমল কৃষ্ণ দাস), জনাব সালেক আহমেদ সিদ্দিকী এবং সহযোগী (অর্থাৎ, মনির হোসেন), জনাব সমির রঞ্জন পাল এবং সহযোগী (অর্থাৎ, শিউলি পাল, চিত্ত হারান দত্ত), জনাব মো: আমানত উল্লাহ এবং সহযোগী (অর্থাৎ, সেতারা বেগম, সন্দীপ কর্পোরেশন, হাল ইন্ডাস্ট্রিজ, প্রশান্ত কুমার হালদার) সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ অর্ডিন্যান্স, ১৯৬৯ এর সেকশন 17(e) (v) ভঙ্গ করেছে;

উল্লিখিত সিকিউরিটিজ আইন ভঙ্গের দায়ে কমিশন অদ্যকার সভায় অভিযুক্ত ব্যক্তিবর্গ/প্রতিষ্ঠান-কে নিম্নোক্তভাবে জরিমানা করার সিদ্ধান্ত গ্রহণ করেছেঃ-

- জনাব জেমস মার্টিন দাস, সাধারণ বিনিয়োগকারী-কে ০২ (দুই) লক্ষ টাকা জরিমানা করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়;
- জনাব পরিমল চন্দ্র পাল কে ২০ (বিশ) লক্ষ টাকা, রিপন শেখ কে ২০ (বিশ) লক্ষ টাকা, মল্লিক আবু বক্কর কে ১০ (দশ) লক্ষ টাকা মো: তোফাজ্জল হোসেন কে ৪০ (চল্লিশ) লক্ষ টাকা, বিধান মিস্ত্রী কে ০৫ (পাঁচ) লক্ষ টাকা এবং অমল কৃষ্ণ দাস কে ০৭ (সাত) লক্ষ টাকা জরিমানা করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়;
- জনাব সালেক আহমেদ সিদ্দিকী কে ০৭ (সাত) লক্ষ টাকা জরিমানা করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়;
- জনাব সমির রঞ্জন পাল কে ২০ (বিশ) লক্ষ টাকা, শিউলি পাল কে ৫০ (পঁচাশি) লক্ষ টাকা এবং চিত্ত হারান দত্ত কে ১২ (বারো) লক্ষ টাকা জরিমানা করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়;
- জনাব মো: আমানত উল্লাহ কে ০১ (এক) কোটি টাকা, সেতারা বেগম কে ০৫ (পাঁচ) লক্ষ টাকা, সন্দীপ কর্পোরেশন কে ৬০ (ষাট) লক্ষ টাকা, হাল ইন্ডাস্ট্রিজ কে ৮৫ (পঁচাশি) লক্ষ টাকা এবং প্রশান্ত কুমার হালদার কে ২৫ (পঁচিশ) লক্ষ টাকা জরিমানা করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

০২. Bali Securities Limited (DSE TREC No.153) কর্তৃক নিম্নলিখিত সিকিউরিটিজ আইন ভঙ্গ করেছেঃ-

(ক) কোম্পানি Consolidated Customers ব্যাংক হিসাবে পর্যাপ্ত তহবিল বজায় না রাখায় Rule 8A(1) and (2) of the Securities and Exchange Rules, 1987 ভঙ্গ করেছে;

(খ) কোম্পানির পরিচালকদের এবং পরিচালকের স্ত্রীকে ঋণ সুবিধা প্রদানের মাধ্যমে BSEC Directive No. SEC/CMRRCD/2001-43/31 dated March 23, 2010 ভঙ্গ করেছে;

(গ) কোম্পানি ট্রেডিং এর প্রথম থেকে ত্রিশ দিবসের মধ্যে নতুন তালিকাভুক্ত সিকিউরিটিজ ক্রয়ের জন্য ঋণ সুবিধা প্রদান করায় BSEC Directive No. SEC/CMRRCD/2009-193/177 dated October 27, 2015 ভঙ্গ করেছে;

(ঘ) কোম্পানি তার কিছু গ্রাহককে মার্জিন চুক্তিপত্র না থাকা সত্ত্বেও নগদ হিসাবে ঋণ সুবিধা প্রদানের মাধ্যমে Rule 3(1) and 3(2) of Margin Rules, 1999 and section 16(a) of the Securities and Exchange Ordinance, 1969 ভঙ্গ করেছে;

Rahaman

চলমান পাতা ১/২



বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
সিকিউরিটিজ কমিশন ভবন
ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭
www.sec.gov.bd



(ঙ) কোম্পানির একটি স্বতন্ত্র এবং যৌথ হিসাবের নামে অতিরিক্ত হিসাব পরিচালন করায় ডিপজিটরি (ব্যবহারিক) প্রবিধানমালা, ২০০৩ এর প্রবিধান ২৬(১) ভঙ্গ করেছে;

(চ) কোম্পানির অনুমোদিত প্রতিনিধির মাতার নামে ঋণ সুবিধা প্রদান করায় BSEC Directive No. SEC/CMRRCD/2001-43/31 dated March 23, 2010 ভঙ্গ করেছে;

(ছ) কোম্পানি মার্জিন সুবিধার আওতায় গ্রাহককে 'জেড' ক্যাটাগরী সিকিউরিটিজ ক্রয়ের অনুমতি দেয়ায় BSEC Directive No. SEC/CMRRCD/2001-43/169 dated October 01, 2009 ভঙ্গ করেছে;

উল্লিখিত সিকিউরিটিজ আইন ভঙ্গের দায়ে কমিশন অদ্যকার সভায় Bali Securities Limited কে ০২ (দুই) লক্ষ টাকা জরিমানা করার সিদ্ধান্ত গ্রহন করেছে।

R. K. M.
20-01-2021

মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক (চলতি দায়িত্ব) ও মুখপাত্র